সংবাদ

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 2 ...

# আমতলীতে এনটিআরসির চেয়ারম্যানের আদেশ উপেক্ষিত!

**প্রতিনিধি, আমতলী**

বরগুনার আমতলী উপজেলার বেসরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে এনটিআরসির নির্বাচিত অধিকাংশ শিক্ষক এখনো নিয়োগপত্র পায়নি।

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা অনুসারে মাধ্যমিক স্তর থেকে উচ্চমাধ্যমিক পর্যন্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নির্বাচিত করবেন এনটিআরসি। নিয়োগ পত্র দিবেন স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি। ওই নীতিমালা অনুসারে এ বছর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে শূন্যপদে গত ৯ অক্টোবর এনটিআরসির চেয়ারম্যান স্বাক্ষরিত সারাদেশে ১২ হাজার ১৯ জন নিবন্ধিত প্রার্থীদের উত্তীর্ণের ফল প্রকাশ করেন। অন লাইনে উত্তীর্ণদের একটি নির্দেশনা পত্র পাঠিয়েছেন। ওই নির্দেশনায় পরিষ্কার উল্লেখ করেন ফল প্রকাশের দিন থেকে এক মাসের মধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিতদের নিয়োগ পত্র প্রদান ও যোগদানপত্র গ্রহণ করবেন। খোঁজ নিয়ে জানা যায় আমতলী উপজেলার নির্বাচিত ৫০ জন প্রার্থী চেয়ারম্যানের নির্দেশনা পত্র পেয়ে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের জন্য গেলেও অধিকাংশ প্রতিষ্ঠানের প্রধান তাদের কোন নিয়োগ পত্র দেয়নি এবং যোগদান পত্র গ্রহণ করেনি। ভুক্তভোগীরা নাম প্রকাশের অনেচ্ছুক প্রার্থীরা জানান শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা বলেন ব্যবস্থাপনা কমিটির সাথে আলাপ করে নিয়োগ পত্র দেয়া হবে। চেয়াম্যানের আদেশের ১৭ দিন পেরিয়ে গেলে এখনো প্রার্থীরা নিযোগ পত্র পায়নি। আমতলী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গোলাম মোস্তফা জানান, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা নিয়োগ পত্র না দিয়ে পারবে না। এনিয়ে অভিযোগ হলে ওই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে।